

## আষাঢ়ের প্রথম বর্ষায়

আষাঢ়ের প্রথম বর্ষায় পুলকিত মন  
আকাশে চেয়ে থাকি বৃক্ষশীষ যেমন।  
নিরালায় ভোগ করি ঘন বরিষণ  
একান্তে অন্তর যেন আনন্দকানন!

ফ্লাটে থাকি টবে বদ্ধ গাছ পালায় জীবন  
এ বর্ষায় প্রতি প্রাণে আনন্দ কেতন!  
পাতাবাহার, লালজবার হেলাদোলার মাতন-  
শতপ্রাণ জেগে ওঠে বরনার মতন!

অগুপ্তি টবে রাখা নানা বৃক্ষ সখা  
পাতা নেড়ে ইসারায় কেমন কাছে ডাকা  
চেয়ে না দেখলে যেন সকলে একা একা  
আপন প্রাণের ছন্দ হৃদয়ে হৃদয়ে ঢাকা।

ছোটো ছোটো শত শত বৃষ্টির ফোঁটায়  
থেমে থাকা প্রাণে যেন জোয়ার জোঁটায়  
দিক থেকে দিগন্তে কতো পরিচয়  
নতুন করে গড়ে ওঠে প্রথম বরষায়!